

বাংলাদেশ তঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd



স্মারক নং-২৪.০৫.০০০০.৫১১.১৮.০০১.১৮-২০৫

তারিখঃ ৩১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।
১৫ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ সরকারে ডিজিটাল বাংলাদেশ গঠন ও সকল সরকারি প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ই-নথি ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। উক্ত কার্যক্রমের ধারাবাহিকতায় বাংলাদেশ তঁত বোর্ডের ই-নথি ব্যবস্থাপনা চালু করার জন্য নির্দেশনা বলবৎ থাকবে। এ বিষয়ে কোন কার্যকরী ব্যবস্থা গৃহিত হচ্ছে না। যার কারণে মহামারী, লকডাউন অবস্থায় ই-নথি চলমান নেই। এমতাবস্থায়, আগামী ১৮ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ হতে ই-নথি সিস্টেম সম্পূর্ণরূপে চালু করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এ বিষয়ে পরবর্তীতে কঠোরভাবে মনিটরিং করা হবে বলে নির্দেশনা প্রদান করা হয়েছে। ই-নথি কার্যক্রমের সময় কোন প্রকার সমস্যা পরিলক্ষিত হলে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাদাকাতুল বারি এর সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হলো। এ বিষয়ে সকলকে অধিকতর সতর্ক ও যত্নবান হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ দিদারুল আলম
(উপসচিব)

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৫৮১৫২৮৯৮

E-mail: director.admin@bhb.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (সকল)....., বাতঁবো, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (সকল)....., বাতঁবো, ঢাকা।
- ৩। বিভাগ/শাখা প্রধান (সকল)....., বাতঁবো, ঢাকা।

অনুলিপিঃ

- ১। নির্বাহী প্রকৌশলী ও আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতঁবো, ঢাকা।
[অফিস আদেশটি বাতঁবোর ওয়েব সাইট ও ফেইসবুক পেইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।]
- ২। সমন্বয় কর্মকর্তা, বাতঁবো, ঢাকা [চেয়ারম্যান, বাতঁবো মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ৩। অফিস কপি।